

উত্তর :

Practice set - 1

Sub : Bengali (2nd language)

১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :

ক) ধ্বনি সৃষ্টি হয় - জিহ্বা থেকে / নাসিকা থেকে / মুখের গহ্বর থেকে /
এগুলির কোনোটিই নয়।

উত্তর : মুখের গহ্বর থেকে।

খ) ধ্বনি বাধা পায় - মুখের বাইরে এসে / মুখের ভিতরে / বাইরের দেয়ালে
/ নাসিকাতে।

উত্তর : মুখের ভিতরে।

গ) বর্ণমালার বর্ণের সংখ্যা হল - ৩৫ / ৪০ / ৪৫ / ৫০টি।

উত্তর : ৫০টি।

ঘ) 'সৃজা নাচ করছে'- এই বাক্যে 'সৃজা' হল - উদ্দেশ্য / বিষয় / কারক
/ উপরের সবগুলি।

উত্তর : উদ্দেশ্য।

ঙ) বাক্যের প্রধান ভাগ - ২টি / ৩টি / ৪টি / ৬টি।

উত্তর : ২টি।

চ) অর্থহীন ধ্বনি - শব্দ / শব্দ নয় / পদ / বাক্য।

উত্তর : শব্দ নয়।

ছ) 'কুমীর আকাশে খেলা করে'- এই বাক্যটি বাক্য গঠনের যে শর্তটি মানে
নি সেটি হল - আকাঙ্ক্ষা পূরণ / বাক্যের যোগ্যতা / পদস্থাপন রীতি /
উপরের কোনোটিই নয়।

উত্তর : বাক্যের যোগ্যতা।

জ) যে বাক্যে আদেশ বা অনুরোধ প্রকাশ করা হয়, তাকে বলা হয় -
কর্ণনামূলক বাক্য / অনুজ্ঞাসূচক বাক্য / প্রশ্নসূচক বাক্য / আবেগসূচক বাক্য।

উত্তর : অনুজ্ঞাসূচক বাক্য।

ঞ) 'রহিম ষষ্ঠ শ্রেণিতে পড়ে।' - অর্থাৎ দিক থেকে এটি কোন ধরনের
বাক্য - সাধারণ বাক্য / প্রশ্নসূচক বাক্য / আবেগসূচক বাক্য / জটিল
বাক্য।

উত্তর : সাধারণ বাক্য।

ট) 'যদি বৃষ্টি হয় তবে আমি যাব'- গঠনগত দিক থেকে এটি কোন ধরনের
বাক্য - সরল বাক্য / যৌগিক বাক্য / জটিল বাক্য / এগুলির কোনোটিই
নয়।

উত্তর : জটিল বাক্য।

ঠ) 'চ' বর্ণের তৃতীয় বর্ণটি হল - গ্ / জ্ / ড্ / দ্।

উত্তর : ড্।

ড) 'বঙ্গভূমির প্রতি' কবিতাটির উৎস হল - মধুসূদন রচনাবলীর নাম অংশ
/ মধুসূদন রচনাবলীর শেষাংশ / মধুসূদন রচনাবলীর নানা কবিতা অংশ
/ মধুসূদন রচনাবলীর মধ্যভাগ।

উত্তর : মধুসূদন রচনাবলীর নানা কবিতা অংশ।

ঢ) কবি বঙ্গভূমির কাছে প্রার্থনা করেছেন - মরার / অমরতা / লেখালেখি
করার / ধনশীল হবার।

উত্তর : অমরতা।

ণ) শ্রীরামচন্দ্র চৌদ্দ বছরের জন্য বনে গিয়েছিলেন - মাতৃবাক্য পালনে /
ভ্রাতৃবাক্য পালনে / পিতৃবাক্য পালনে / এদের মধ্যে কোনোটিই নয়।

উত্তর : পিতৃবাক্য পালনে।

ত) পাতা দিয়ে তৈরি কুটিরকে বলা হয় - পর্ণশালা / দালান ঘর / মাটির
ঘর / বিচালির ঘর।

উত্তর : পর্ণশালা।

খ) বিদ্যাসাগরের বাবা বিদ্যাসাগরকে কলকাতায় নিয়ে গিয়েছিলেন - চাকরী
করাতে / পড়াশোনা করাতে / ব্যবসা করাতে / ওকালতি করাতে।

উত্তর : পড়াশোনা করাতে।